প্রথম আলো বাংলাদেশ

আবারও চার কূটনীতিক বৈঠক করলেন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে

# সরকারের আশ্বাসের পরও শিথিল হয়নি ভ্রমণ সতর্কতা

কূটনৈতিক প্রতিবেদক | আপডেট: ১৪:৩৭, অক্টোবর ০৮, ২০১৫ | প্রিন্ট সংস্করণ

বাংলাদেশে অবস্থানরত বিদেশি কূটনীতিক ও নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের বাড়তি উদ্যোগ ও আশ্বাসের পরও শিথিল হয়নি বিভিন্ন দেশের ভ্রমণবিষয়ক সতর্কবার্তা। নিরাপত্তা নিয়ে উদ্বেগ পুরোপুরি দূর হওয়া এবং দুই বিদেশি হত্যার তদন্তে বিশ্বাসযোগ্য অগ্রগতির আগে এ বার্তা শিথিল হওয়ার সম্ভাবনা কম। একাধিক বিদেশি কূটনীতিক প্রথম আলোকে এই আভাস দিয়েছেন।

গত মঙ্গলবার সরকারের পক্ষ থেকে বিদেশি কূটনীতিকদের নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে অবহিত করার পরদিন গতকাল দুপুরে আবারও চারটি দেশের কূটনীতিকদের অনুরোধে তাঁদের সঙ্গে কথা বলেছেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী। মধ্যাহ্নভোজের সময় ওই আলোচনায় যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট গিবসন, যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট, কানাডার রাষ্ট্রদূত পিয়েরে বেনোয়া লাঘামে ও অস্ট্রেলিয়ার হাইকমিশনার গ্রেগ উইলকক উপস্থিত ছিলেন।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তা গতকাল প্রথম আলোকে বলেন, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়ার অনুরোধের পরিপ্রেক্ষিতে পদ্মায় চার দেশের শীর্ষ কূটনীতিকের সঙ্গে মধ্যাহ্নভোজ সভায় বসেন পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী ও পররাষ্ট্রসচিব মো. শহীদুল হক। তবে ওই বৈঠক প্রসঙ্গে সরকার কিংবা কূটনীতিকদের পক্ষ থেকে কিছু বলা হয়নি। সরকারের একাধিক জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, সম্প্রতি ওই কূটনীতিকেরা সম্ভাব্য নিরাপত্তা হুমকি নিয়ে সরকারের দায়িত্বশীল এক কর্মকর্তার সঙ্গে কিছু তথ্যবিনিময় করেছিলেন। গতকাল পদ্মায় আলোচনার সময় এ তথ্য নিয়ে কূটনীতিকেরা পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন বলে জানা গেছে।

এদিকে তাবেলা সিজার হত্যার আগে সম্ভাব্য হুমকির ব্যাপারে সরকারের সঙ্গে বিদেশি রাষ্ট্রগুলোর তথ্যবিনিময় নিয়ে কিছুটা বিভ্রান্তি দেখা দিয়েছে। মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট গত সোমবার জাতীয় প্রেসক্লাবে ডিকাবের এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, সিজার হত্যার আগেই সম্ভাব্য হুমকির ব্যাপারে তাঁদের কাছে বিশ্বাসযোগ্য তথ্য ছিল। এ তথ্য তাঁরা সরকারকে জানিয়েছিলেন। পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী মঙ্গলবারের ব্রিফিংয়ের পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, বিদেশিরা তাঁদের তথ্য সরকারকে জানিয়েছিলেন।

* তিনটি বিদ্যুৎকেন্দ্রে স্পেনের নাগরিকদের জন্য বিশেষ নিরাপত্তাব্যবস্থার অনুরোধ। স্পেনের জাতীয় দিবসের সংবর্ধনা অনুষ্ঠান স্থগিত * কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠেয় একটি সেমিনার স্থগিত করেছে জাপান দূতাবাস

তবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল গতকাল সন্ধ্যায়ও প্রথম আলোকে বলেন, এ ধরনের কোনো তথ্য বিদেশিরা জানাননি। কয়েকজন রাজনৈতিক ব্যক্তিত্বের জন্য ও একটি হোটেলে নিরাপত্তা জোরদার করতে সরকারের একটি গোয়েন্দা সংস্থা সুপারিশ করেছিল।

এদিকে অস্ট্রেলিয়া তাদের ক্রিকেট দলের বাংলাদেশ সফর বাতিল করার আগে যে নিরাপত্তা হুমকির কথা বলেছিল, তা অমূলক নয় বলে গোয়েন্দারা জানিয়েছিলেন। গত ২৭ সেপ্টেম্বর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে দেওয়া একটি গোয়েন্দা প্রতিবেদনে বলা হয়, স্বার্থান্বেষী মহলের সন্ত্রাসী হামলার আশঙ্কা উড়িয়ে দেওয়া যায় না।

গত মঙ্গলবারের কূটনীতিক ব্রিফিং সম্পর্কে কয়েকজন শীর্ষ কূটনীতিকের সঙ্গে কথা বলে ভিন্ন ভিন্ন তথ্য পাওয়া গেছে। গতকাল সন্ধ্যায় রাজধানীর একটি হোটেলে তাঁদের সঙ্গে এ প্রতিবেদকের কথা হয়। এ সময় ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসি) একাধিক শীর্ষ কূটনীতিক এ প্রতিবেদককে বলেন, পশ্চিমের অন্তত বেশ কয়েকটি দেশ বাংলাদেশে সম্প্রতি দুই বিদেশি হত্যার সঙ্গে আন্তর্জাতিক জঙ্গি সংগঠন আইএস জড়িত বলে মনে করছে। আইএসের দাবির সত্যতা নিশ্চিত হওয়ার আগে এ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া যায় না, সেটি পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী কূটনীতিকদের ব্রিফিংয়ে খুব স্পষ্ট করেই বলেছেন। পশ্চিমের একাধিক দেশ ও জোট তাই শেষ পর্যন্ত ব্রিফিং নিয়ে খুব একটা সন্তুষ্ট নয়।

মধ্যপ্রাচ্যের এক কূটনীতিক মনে করেন, গত মঙ্গলবারের ব্রিফিং নিয়ে পশ্চিমা দেশগুলো খুব একটা সন্তুষ্ট হতে পারেনি। সরকার যেভাবে এ হামলার সঙ্গে বিএনপি-জামায়াতের যোগসূত্র দেখাতে চাইছে, সেটি তাদের পছন্দ হয়নি।

গতকাল সন্ধ্যায় যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়ার সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে গিয়ে দেখা গেছে, সম্ভাব্য হুমকিকে বিবেচনায় নিয়ে নাগরিকদের সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছিল এ মাসের শুরুতে। ওই বার্তাগুলো গতকাল পর্যন্ত বলবৎ আছে।

এদিকে সম্ভাব্য নিরাপত্তা হুমকিকে বিবেচনায় রেখে দেশের তিনটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে কর্মরত স্পেনের নাগরিকদের জন্য বিশেষ নিরাপত্তাব্যবস্থা দিতে সরকারকে অনুরোধ জানানো হয়েছে। গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এ অনুরোধ জানিয়েছে স্পেনের দূতাবাস। রাজধানীর বাইরের ওই তিন বিদ্যুৎকেন্দ্রে স্পেনের প্রায় ৪০০ নাগরিক এখন কাজ করছেন।

জাপানে পড়াশোনার বিষয়ে ১৯ অক্টোবর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠেয় একটি সেমিনার স্থগিত করেছে জাপান দূতাবাস। দূতাবাসের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অনিবার্য কারণে সেমিনার স্থগিত করা হয়েছে। সেমিনারের তারিখ পরে ঘোষণা করা হবে।

জাপান দূতাবাস ও জাপানিজ ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইন বাংলাদেশ (জেইউএএবি) যৌথভাবে সেমিনারটি আয়োজন করেছিল।
আজ বৃহস্পতিবার রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠেয় স্পেনের জাতীয় দিবসের সংবর্ধনা অনুষ্ঠান স্থগিত করা হয়েছে। স্পেনের দূতাবাস থেকে বলা হয়েছে, সাম্প্রতিক নিরাপত্তা পরিস্থিতির কারণে নির্ধারিত সংবর্ধনা অনুষ্ঠানটি হচ্ছে না।
তবে স্পেনের জাতীয় দিবসের অনুষ্ঠান স্থগিত হলেও রাজধানীর একটি হোটেলে জার্মানির জাতীয় দিবসের সংবর্ধনা অনুষ্ঠান যথারীতি হয়েছে। ওই অনুষ্ঠানে বাংলাদেশ সফররত জার্মানির অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়নমন্ত্রী গার্ড মুলার এবং পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন।
বিবিসি জানিয়েছে, বাংলাদেশে বিদেশি পর্যটকের সংখ্যা খুব বেশি না হলেও মৌসুমের শুরুতেই বড় ধরনের ধাক্কা খেয়েছেন পর্যটন ব্যবসায়ীরা। দুই বিদেশি নাগরিক হত্যার প্রেক্ষাপটে এ পরিস্থিতি তৈরি হয়েছে। একের পর এক বুকিং বাতিল হওয়ার খবর পাচ্ছেন হোটেল ব্যবসায়ীরা।

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত
প্রথম আলো ১৯৯৮ - ২০১৫
সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফোনঃ ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্সঃ ৯১৩০৪৯৬, ই-মেইলঃ info@prothom-alo.info
এই ওয়েবসাইটের কোনো লেখা বা ছবি অনুমতি ছাড়া নকল করা বা অন্য কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি